NOV. 28 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ .....




*ইনকিলাব ঃ জাতীয় শিক্ষা ব্যবস্থার সকল স্তরে ইসলামিক স্টাডিজকে বাধ্যতামূলক শিক্ষা হিসেবে অন্তর্ভুক্তকরণের দাবীতে ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরাম গতকাল নগরীতে বিক্ষোভ মিছিল বের করে*

# সকল স্তরে ইসলামী শিক্ষাকে বাধ্যতামূলক করুন

## –ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরাম

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয় শিক্ষা ব্যবস্থার সকল স্তরে ইসলামী শিক্ষাকে বাধ্যতামূলক করার দাবীতে ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরামের উদ্যোগে গতকাল (মঙ্গলবার) নগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। জাতীয় প্রেসক্লাবের সম্মুখে সমাবেশে বক্তাগণ বলেন, বিগত আওয়ামী সরকারের ইসলামবিদ্বেষী মনোভাবের ফলে দেশের শিক্ষা ব্যবস্থার সকল স্তর থেকে আজ ইসলামী শিক্ষা বিলুপ্তির পথে।

ফোরামের কেন্দ্রীয় সভাপতি আমান উদ্দীন মোঃ মুজাহিদের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সেক্রেটারী জেনারেল মোঃ হেদায়েত উল্লাহ, সহ-সভাপতি মোঃ নূরুল আবছার, আবুল খায়ের, শহীদুল্লাহ প্রমুখ। বক্তাগণ অবিলম্বে নতুন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করে জাতীয় শিক্ষা ব্যবস্থার সর্বস্তরে ইসলামী শিক্ষাকে বাধ্যতামূলক করা এবং বিগত আওয়ামী লীগ সরকারের আমলে গৃহীত ইসলামবিরোধী অশুভ পদক্ষেপ বাতিলের দাবী জানান।